গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
www.brahmanpara.comilla.gov.bd

স্মারক নং- ০৫.২০.১৯১৫.০০০.১০.০০১.২৪-১৭৫ তারিখঃ ০৫ /০২/২০২৪খ্রি.

বিষয় : শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ খ্রি. উপলক্ষে ভাষা প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শহিদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস, ২০২৪ খ্রি. উপলক্ষে শুদ্ধ বাংলা চর্চা ও প্রয়োগে উৎসাহিতকরণ এবং বই পাঠে শিশু কিশোরদের উৎসাহিতকরণের লক্ষ্যে উপজেলা প্রশাসন, ব্রাহ্মণপাড়া কর্তৃক ভাষা প্রতিয়োগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতায় দেয়াল পত্রিকা, রচনা প্রতিযোগিতা এবং বই পঠন প্রতিযোগিতা অন্তর্ভূক্ত রয়েছে। উক্ত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব আগামী ২৪ ফেব্রুয়ারি'২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। চূড়ান্ত প্রতিযোগিতার ভেন্যু ও বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানিয়ে দেয়া হবে। আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটিকে অর্থবহ এবং প্রাণবন্ত করবে।

এ অবস্থায়, বিভিন্ন প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং প্রতিযোগিতায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: ভাষা প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের সময়সূচি এবং নিয়মাবলী ।

5.2.24

স. ম. আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোনঃ ০২৩৩৪-৪০৯৬০১
E-mail: unobrahmanpara@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
--------------------------------------কলেজ/প্রাথমিক
বিদ্যালয়/মাদ্রাসা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

স্মারক নং- ০৫.২০.১৯১৫.০০০.১০.০০১.২৪- ১৭৫ তারিখঃ ০৫/০২/২০২৪খ্রি.

অনুলিপি : ছাত্র-ছাত্রী উপস্থিতির বিষয়টি নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানসহ প্রতিযোগিতায় সার্বিক সহযোগিতা করার জন্য।

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০২। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৩। অফিস কপি।

5.2.24

স. ম. আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোনঃ ০২৩৩৪-৪০৯৬০১
E-mail: unobrahmanpara@gmail.com

# রচনা প্রতিযোগিতা

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য

**রচনার বিষয়াবলি**

- জুনিয়র গ্রুপ: (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী)

**সুস্থ সংস্কৃতির বিকাশে মাতৃভাষার ভূমিকা**

- মাধ্যমিক গ্রুপ: (৯ম-১০ম শ্রেণী)

**বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি শিক্ষায় মাতৃভাষা**

- উচ্চ মাধ্যমিক গ্রুপ: (একাদশ- দ্বাদশ শ্রেণী, মাদ্রাসা সহ)

**বাংলা ভাষার সংগ্রাম- অতীত, বর্তমান ও ভবিষ্যত**

প্রতিটি গ্রুপে চ্যাম্পিয়ন ও রানার আপ হিসেবে ২ জন করে বিজয়ী নির্ধারণ হবে। চ্যাম্পিয়ন প্রতিযোগী উপজেলা পর্যায়ে চূড়ান্ত পর্বে প্রতিদ্বন্দ্বিতা করবে।

## সাধারণ নিয়মাবলী :

১। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আয়োজনে আগামী ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
২। রচনা সর্বোচ্চ ১২০০ বাংলা শব্দের মধ্যে হতে হবে। সময় ২ ঘন্টা।
৩। বিচারক হিসেবে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে থেকে ৩ সদস্যের একটি প্যানেল থাকবে। তাদের সম্মিলিত বিচারের ফলাফল সংরক্ষণ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।
৪। ফলাফল নির্ধারণের মান বন্টন:

- বিষয় ভিত্তিক উপস্থাপন- ৫০%,
- ব্যাকরণগত শুদ্ধতা- ৩০%,
- সুন্দর হাতের লিখা- ২০%

৫। প্রতি গ্রুপ থেকে চ্যাম্পিয়ন ও রানার আপ প্রতিযোগীকে পুরস্কৃত করা হবে।
৬। উপজেলা পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতি গ্রুপের চ্যাম্পিয়ন প্রতিযোগী অংশগ্রহণ করবে। কোন অনাকাঙ্খিত কারণে চ্যাম্পিয়ন প্রতিযোগী উপজেলা পর্যায়ে উপস্থিত হতে অসমর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে কর্তৃপক্ষ কে অবহিত করে উক্ত প্রতিষ্ঠানের রানার আপ প্রতিযোগী কে সুযোগ প্রদান করা যাবে।
৭। আগামী ১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে চ্যাম্পিয়ন এবং রানার আপ প্রতিযোগীর নাম উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।

স.ম.আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

**চূড়ান্ত প্রতিযোগিতার বিচারক প্যানেল :**

১। উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

২। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

৩। উপজেলা সমবায় কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

**ফলাফল নির্ধারণের মানবন্টন:**

- বিষয় ভিত্তিক উপস্থাপনা ( গল্প/কবিতা/ছড়া/ছবির ব্যবহার) - ৫০%,
- শুদ্ধ বাংলা বানান- ২৫%,
- সার্বিক উপস্থাপনা, পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য- ২৫%

স.ম.আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে উপজেলা প্রশাসন, ব্রাহ্মণপাড়া কর্তৃক আয়োজিত 'ভাষা প্রতিযোগিতা'র নীতিমালা

তারিখ ২৪ ফেব্রুয়ারি, ২০২৪

## দেয়াল পত্রিকা লিখন প্রতিযোগিতা

**প্রতিযোগী- প্রাথমিক গ্রুপ (৩য় থেকে ৫ম শ্রেণী)**

বিষয়: ১) ভাষা আন্দোলনের ইতিহাস ২) সর্বজনীন বাংলার ব্যবহার ( যে কোন একটি)

১। প্রতিটি প্রাথমিক বিদ্যালয় হতে একাধিক গ্রুপ প্রতিযোগিতা করবে।
২। প্রতি গ্রুপের সদস্য সংখ্যা থাকবে সর্বোচ্চ ৫ জন করে।
৩। প্রতি বিদ্যালয়ের চ্যাম্পিয়ন দল উপজেলা পর্যায়ে প্রতিদ্বন্দ্বিতা করবে।
৪। চূড়ান্ত পর্বে সকল প্রাথমিক বিদ্যালয়ের মধ্য থেকে দেয়াল পত্রিকাকে চূড়ান্তভাবে বিজয়ী ঘোষনা করা হবে।
৫। দেয়াল পত্রিকা সাদা আর্ট পেপারে হতে হবে। রঙ পেন্সিল, প্যাস্টেল রঙ, রঙ তুলি , সাইন পেন ব্যবহার করা যাবে। কোন প্রকার কম্পিউটার কম্পোজড কোন কাগজ, কাগজের অংশ , স্টিকার কিংবা বাহির থেকে সংযোজিত কোন উপকরণ ব্যবহার করা যাবে না।
৬। দেয়াল পত্রিকায় পত্রিকার বিষয়, শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিযোগিদের নাম, শ্রেণী স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
৭। দেয়াল পত্রিকা শিক্ষার্থীগণ তাদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ১৭ ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে তৈরি করে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের বিচারক মন্ডলীর কাছে জমা দিবে।
৮। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ৩ সদস্য বিশিষ্ট একটি বিচারক প্যানেল দ্বারা নির্বাচিত বিজয়ী গ্রুপের নাম ও উক্ত দেয়াল পত্রিকা আগামী ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।
৯। প্রতিটি বিদ্যালয়ের বিজয়ী গ্রুপের দেয়াল পত্রিকা নিয়ে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে উপজেলা পর্যায়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে প্রদর্শনী অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনীতে বিচারকগণ ১০ টি প্রদর্শনীকে চূড়ান্ত ভাবে বিজয়ী হিসেবে ঘোষণা করবেন।

দেয়াল পত্রিকা প্রতিযোগিতার সার্বিক তত্বাবধায়নে নিযুক্ত কর্মকর্তাবৃন্দঃ

১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
২। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৩। জনাব মোঃ জয়নাল আবেদীন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

স.ম.আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

# চূড়ান্ত পর্ব- বই পড়া এবং অনুচ্ছেদ লিখন প্রতিযোগিতা

**তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২৪**

**অনুচ্ছেদ লিখন- ৫০, বই পাঠ প্রতিযোগিতা- ৫০**

১। জুনিয়র, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক গ্রুপে পৃথক প্রতিযোগিতা হবে।

২। তাদের প্রথম পর্বের (রচনা প্রতিযোগিতায়) পুরষ্কার হিসেবে যে বই দেয়া হবে, সেখান থেকে ১টি বই এর উপর প্রশ্নোত্তর লিখন এবং এর সাথে একটি অনুচ্ছেদ লিখন থাকবে। এর উপর ভিত্তি করে বিজয়ী নির্ধারণ হবে।

ফলাফলের ভিত্তি হবে- শুদ্ধ ও সঠিক ব্যকরণের বাংলা, নির্ভূল উত্তর ও বানান, সুন্দর হাতের লেখা।

**চূড়ান্ত প্রতিযোগিতার বিচারক প্যানেল:**

১) উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
২) উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৩) অধ্যক্ষ, সাহেবাবাদ ডিগ্রী কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৪) অধ্যক্ষ, আমীর হোসেন জোবেদা কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৫) অধ্যক্ষ, ইসলামাবাদ আলিম মাদ্রাসা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

**বিশেষ নির্দেশনা:**

১। প্রতিযোগিতা চলাকালীন কোন ধরণের নকল, জালিয়াতি, অসদুপায় অবলম্বন ধরা পড়লে উক্ত প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী কে সুযোগ প্রদান করা হবে না এবং প্রযোজ্য ক্ষেত্রে পুরষ্কার বাতিল করা হবে।

২। বিচারকমন্ডলির রায় চূড়ান্ত বলে পরিগণিত হবে।

৩। প্রতিযোগিতা চলাকালীন কোন নিয়মের পরিবর্ধন বা পরিবর্তন সাধনের প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তা অবহিত করা হবে।

স.ম.আজহারুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।